

১৩৩

১৩৩

ওরা ৯০ জন পরীক্ষা দিতে পারেনি

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৪ঠা জানুয়ারি।-ওরা ৯০ জন মেডিক্যাল ছাত্র পরীক্ষা দিতে পারেনি। নীরব সন্ত্রাস ওদের চেঁচিয়েছে এক অনিশ্চিত জীবনের দিকে। পরীক্ষা হলে ঢোকান চেঁচা নিয়েছিল মরিয়া হয়ে। কিন্তু হমকির মুখে ওরা ফিরে আসতে বাধ্য হয়েছে। এই মেধাবী ছাত্রদের শংকিত পিতা-মাতা ও ভাইবোনরা। আজ সোমবার সন্ধ্যায় শরণাপন্ন হয়েছিলেন সাংবাদিকদের কাছে। চট্টগ্রাম প্রেসক্রাবে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে অভিভাবকরা তুলে ধরেন তাদের সন্তানদের দুর্দশার কথা। আকৃতি জানিয়েছেন প্রশাসন, শিক্ষামন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে-যেন চট্টগ্রাম মেডিক্যাল কলেজ 'বর্তমান শ্বাসরোধী' পরিবেশ থেকে উদ্ধার করে ওদের আত্মজন্দের ভবিষ্যৎ নিশ্চয় করা হয়। সন্ত্রাসের কারণে যারা পরীক্ষা দিতে পারেনি তারা হলো : ১ম বর্ষের ফাইনাল পরীক্ষার্থী ৪০ জন, ৩য় বর্ষের ফাইনাল পরীক্ষার্থী ৩০ জন এবং ২য় বর্ষ (পুরাতন) পেশাগত ও ৫ম বর্ষের ফাইনাল পরীক্ষার্থী ২০ জন। গত দেড় মাসের বিভিন্ন সময়ে এদের পরীক্ষা হওয়ার কথা ছিল।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ৩য় বর্ষের পরীক্ষার্থী রাজিব হোসেন লতিফের মা আশরাফুন নাহার বেগম। উপস্থিত ছিলেন চমেকসু ভিপি ফয়সল, ইকবাল চৌধুরীর পিতা নূরুল আবসার চৌধুরী, জিএস রবিউল করিম রবি'র পিতা মোঃ আরনুস সাত্তারসহ ২০/২৫ জন অভিভাবক। উল্লেখ্য, ১৮ই অক্টোবর দুপুরে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ ক্যাফেটেরিয়ায় সন্ত্রাসীদের গুলিতে চিকিৎসকসহ ৩ জন নিহত হন। এই ঘটনায় জড়িত থাকার অভিযোগে কলেজ কর্তৃপক্ষ ভিপি ফয়সল, জিএস রবি, এজিএস রেজাসহ ৫ জনকে চিরতরে বহিষ্কার করেন। হুগিয়া মাথায় নিয়ে তারা আত্মগোপন করে আছেন।